

## স্বাধীনতা যুদ্ধে সহায়তাকারী রাশিয়ার সশস্ত্র বাহিনীর সদস্যদেরকে নৌপ্রধানের সংবর্ধনা প্রদান

নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ বাংলাদেশে সফররত মহান স্বাধীনতা যুদ্ধে সহায়তাকারী (Liberation war veterans) রাশিয়ার সশস্ত্র বাহিনীর সদস্যদের সংবর্ধনা প্রদান করেন। আজ বৃহস্পতিবার (১৫-১২-২০১৬) নৌ সদর দপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানে উক্ত ৯ সদস্যের প্রতিনিধি দলকে সংবর্ধনা প্রদান করা হয়।

প্রতিনিধি দলে ছিলেন কজুরিন ভিক্টর পাভলভিচ (Kozhurin Victor Pavlovich), কারামিশেভ ভস্মাদিমির আলেকজান্দ্রোভিচ (Karamyshev Vladimir Alexandrovich), সুকানিন আলেকজান্ডার কুজমিক (Chukanin Alexander Kuzmich), কলোসকভ নিকোলে নিললায়েভিচ (Koloskov Nikolay Nilolaevich) ও তাদের পত্নীগণ এবং মইচানভ ভস্মাদিমির আলেকজান্দ্রোভিচ (Moichanov Vladimir Alexandrovich) এর স্ত্রী মোলচানোভা আন্না মিহায়লোভনা (Molchanova Anna Mihaylovna)। উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে নৌ সদরের পিএসওগণসহ উর্ধতন কর্মকর্তাবন্দ উপস্থিত ছিলেন।



নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ আজ বৃহস্পতিবার (১৫-১২-২০১৬) নৌ সদর দপ্তরে বাংলাদেশে সফররত মহান স্বাধীনতা যুদ্ধে সহায়তাকারী (Liberation war veterans) রাশিয়ার সশস্ত্র বাহিনীর প্রতিনিধি দলকে সংবর্ধনা প্রদান করেন।

ছবিঃ আইএসপিআর

অনুষ্ঠানে নৌবাহিনী প্রধান সফররত প্রতিনিধি দলটির সাথে শুভেচ্ছা বিনিময় করেন। এসময় তিনি বাংলাদেশের স্বাধীনতা অর্জনে রাশিয়া তথা তৎকালীন সোভিয়েত ইউনিয়নের বলিষ্ঠ ভূমিকার কথা কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। এছাড়া, মুক্তিযুদ্ধ পরবর্তী সময়ে চট্টগ্রামের কর্ণফুলী চ্যানেলে মাইন অপসারণের মাধ্যমে চট্টগ্রাম বন্দরকে জাহাজ চলাচল ও বিপদমুক্ত রাখতে রাশিয়ার সহযোগিতার কথা উল্লেখ করেন।

তিনি বলেন রাশিয়ার সাথে বাংলাদেশের সব সময় বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় ছিল এবং সেই সম্পর্কের নিদর্শন স্বরূপ স্বাধীনতার পরপরই ১৯৭২ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রাশিয়া সফর করেন। এছাড়া, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেই সম্পর্ককে আরও সুদৃঢ় করতে বদ্ধ পরিকর বলে নৌবাহিনী প্রধান উল্লেখ করেন।